

# সমকাল

## গৌরীপুরে প্রতিবন্ধীরা পাচ্ছে শিক্ষার আলো

১০ ঘণ্টা আগে

ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি



প্রতিবন্ধী শিশুরা স্বাভাবিকভাবেই অন্য শিশুদের মতো শিক্ষা গ্রহণের সুযোগ পায় না। শহরে প্রতিবন্ধী শিশুদের শিক্ষাদানের সুযোগ থাকলেও গ্রামে প্রতিবন্ধী শিশুদের বেলায় তা অসাধ্য। গ্রামের প্রতিবন্ধী শিশুরা শিক্ষার আলো না পেয়েই বেড়ে ওঠে। কিন্তু ময়মনসিংহের গৌরীপুরের প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ প্রতিবন্ধী শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়াচ্ছে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের গড়া 'বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়'।

গৌরীপুর উপজেলার ১ নম্বর মইলাকান্দা ইউনিয়নের গৌরীপুর-নেত্রকোনা সড়কের শ্যামগঞ্জ অটোষ্ট্যান্ড সংলগ্ন একটি ভাড়াটে ভবনে বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়টির অবস্থান। ২০১৪ সালে গ্রামের মামুনুর রশীদ ও মাহবুবুর রহমান 'রোমান সচেতন কল্যাণ সংস্থা' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন করে এলাকার পিছিয়েপড়া দরিদ্র জনগোষ্ঠীকে নিয়ে কাজ শুরু করেন। ২০১৫ সালে 'রোমান সচেতন কল্যাণ সংস্থা'র পৃষ্ঠপোষকতায় এবং গ্রামের কিছু উদ্যোগী যুবকের সহযোগিতায় মইলাকান্দা গ্রামের শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের একটি পরিত্যক্ত ছাত্রাবাসে ১০ জন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু হয় বিদ্যালয়টির। স্কুলের প্রতিষ্ঠাতা সভাপতি মামুনুর রশীদ বিদ্যালয়টির প্রধান শিক্ষকের দায়িত্ব দেন মাহবুবুর রহমানের হাতে। বিদ্যালয়ের নামকরণ করা হয় 'বুদ্ধিপ্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়'।

প্রধান শিক্ষক মাহবুবুর রহমান বলেন, বিশেষ কৌশলে গ্রামের প্রতিবন্ধী শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে দেওয়ার কাজ করছেন তারা।

ইউএনও মর্জিনা আক্তার জানান, সম্প্রতি তারা একটি চিঠি পেয়েছেন, যাতে প্রতিবন্ধীদের স্কুলগুলো তালিকাভুক্ত করা হবে।

© সমকাল ২০০৫ - ২০১৭

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

